# NLIST ঃ ই-তথ্যসম্পদ-র একটি উৎস

## NLIST কি এবং কেন?

NLIST হল ইনফ্লিবনেট (INFLIBNET) সেন্টারের একটি প্রজেক্ট। এর সম্পূর্ণ নাম "National Library and Information Services Infrastructure for Scholarly Content (NLIST)"। এটি ই-শোধসিন্ধু (e-Sodhsindhu) কনসরটিয়াম, ইনফ্লিবনেট সেন্টার এবং INDEST- AICTE কনসরটিয়াম (consortium), আই আই টি দিল্লী দ্বারা পরিচালিত। এটি প্রথমত দু-ধরনের কাজ করে থাকে - প্রথমতঃ দুটি কনসরসিয়া (Consortia) যে সমস্ত ই-রিসোর্স সাবস্ক্রাইব করে তাদের মধ্যে ক্রশ চেক করার কাজ করে। দ্বিতীয়তঃ NLIST-এ নথিভুক্ত করা কলেজগুলিকে ই-রিসোর্স ব্যবহার করতে সাহায্য করে।

## কারা NLIST-র ব্যবহারকারী

কোনো একটি নির্দিষ্ট কলেজের - ১. ছাত্রছাত্রীরা
২. শিক্ষক/শিক্ষিকারা
৩. গবেষকরা

এছাড়াও আরো অনান্য সুবিধাভোগী ব্যক্তিরা যারা ঐ নির্দিষ্ট কলেজের সঙ্গে যুক্ত, তারা সকলেই NLIST-র অর্ন্তগত ই-রিসোর্স সমূহ ব্যবহার করতে পারে, এবং প্রয়োজনীয় তথ্য / Articles ডাউনলোড করতে পারে। তবে এই পরিষেবা পেতে গেলে সেই নির্দিষ্ট কলেজ/কলেজগুলিকে NLIST-র রেজিস্টারড্ সদস্য হতে হয় এবং প্রত্যেক বছর সদস্যপদ পুর্ননবীকরণ (Renewal) করতে হয়।

NLIST-র প্রধানত চারধরনের কাজ রয়েছে-

১. প্রাযুক্তিক প্রতিষ্ঠান যেমন (IITS, IISC, IISERS এবং NITS) এইরকমের প্রতিষ্ঠানগুলির জন্য নির্বাচিত ই-শোধসিন্ধু থেকে ই-রিসোর্স সাবস্ক্রাইব করে ব্যবহার করতে সাহায্য করা এবং এর ব্যবহার পরিসংখ্যান পর্যালোচনা করা।

২. বিশ্ববিদ্যালয়গুলির জন্য নির্বাচিত INDEST ই-রির্সোস সমূহ ব্যবহারের জন্য সাবস্ক্রাইব করা এবং একইভাবে এদের ব্যবহার পরিসংখ্যার পর্যালোচনা করা।

৩. সরকারী ও সরকারী অনুদান প্রাপ্ত কলেজগুলির জন্য নির্বাচিত ই-রির্সোস সাবস্ক্রাইব করা ও তার ব্যবহার করার ব্যবস্থা করা, এছাড়াও তার ব্যবহার বিষয়ক যাবতীয় তথ্য পর্যালোচনা করা।

৪. NLIST-র অর্ন্তভূক্ত সদস্য কলেজগুলির পর্যালোচনা সংস্থা (Monitoring Agencey) হিসাবে কাজ করা এবং এইসব কলেজগুলিকে কার্যকারী ও দক্ষতার সঙ্গে ই-রির্সোস প্রদানের উদ্দেশ্যে সম্পূর্ণ পরিষেবা পদ্ধতির মূল্যায়ণ, প্রচার করা এবং এ সম্বন্ধীয় যাবতীয় কাজ পর্যবেক্ষন করা, ট্রেনিং ও সচেতনা প্রোগ্রামের ব্যবস্থা করা।

কোন কোন ধরনের কলেজ NLIST-র সদস্য পদ করতে সক্ষম -

১. Section 12(B) and 2(f) of the UGC Act-র আওতায় থাকা যে কোনো কলেজ NLIST-র সদস্য পদ গ্রহন করতে পারে এবং এই কলেজগুলির সমস্ত ছাত্রছাত্রী, শিক্ষক/শিক্ষিকা, গবেষক ও অনান্য ব্যাক্তিবর্গ যারা শিক্ষামূলক কাজে যুক্ত তারা সকলেই ই-রির্সোস সমূহ ব্যবহার করতে পারে।


২. অ-সহায়তাপ্রাপ্ত (Non-Aided) কলেজগুলি (এগ্রিকালচার, ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্ট, মেডিকাল, ফার্মেসী, ডেনটিসট্রি এবং নার্সিং ইত্যাদি ব্যতীত) ও NLIST-র সদস্য হতে পারে এবং ই-রির্সোস ব্যবহার করতে পারে।

# <u>ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা</u>

কলেজে NLIST-র ব্যবহারকারী প্রধানত দুই প্রকার


- শিক্ষক / শিক্ষিকা
- ছাত্রছাত্রী

NLIST-র ব্যবহার করার জন্য ব্যবহারকারী দুটি উপায়ে সার্চ করতে পারে। প্রথমতঃ সে Google এ গিয়ে NLIST লিখে সার্চ করলে NLIST-র পোর্টালটি খুলে যাবে। এই পোর্টালের প্রথম পেজেই রয়েছে Member's Login ।





এছাড়াও কলেজের ওয়েব পেজ খুলে সেখানে লাইব্রেরী পেজ এ Useful Link বিভাগে গেলে সেখানে NLIST এ ক্লিক করে সরাসরি পোর্টালে প্রবেশ করা যেতে পারে।


ই-সম্পদ / রির্সোস পেতে এবার ক্লিক করতে হবে Member User Login লেখা অপশনে।




ওপরের পেজ-এ লগ ইন করলে যাবতীয় ই-রির্সোসের তালিকা পাওয়া যাবে।






ব্যবহারকারীর নিজের প্রয়োজনানুযায়ী তথ্য পেতে এই তালিকার মধ্যে যেকোনো একটিতে ক্লিক করতে হবে। যেমন - JSTOR-এ ক্লিক করা হল





এই পেজ-এ সার্চ-এ গিয়ে যেকোনো বিষয়ের জার্নাল, বই, ছবি ইত্যাদি সন্ধান করা যাবে।


এমন অনেক ই-রির্সোস রয়েছে (American Institute of Physics, Annual Reviews, Institute of Physics, Royal Society of Chemistry, Cambridge Books, Springer Books, Taylor & Francis Books etc.) যাদের ক্ষেত্রে একবার লগ-ইন করা সত্ত্বেও পুনরায় লগ-ইন করতে বলবে এবং একই ইউসার নেম ও পাসোয়ার্ড ব্যবহার করে আবার লগ-ইন করতে হবে।








এরপর সদস্য অনুমতি চেয়ে আর একটি পেজ খুলবে এবং সেকানে 'Reject' ও 'Accept' এই দুটি 'Accept' অপশনটিতে ক্লিক করে চাহিদানুযায়ী ই-রির্সোস-র প্রধান পেজ দেখতে পাওয়া যাবে - Annual Reviews







এই Annual Reviews পেজ-এ সুরক্ষানীতি-র স্বপক্ষে ‘হ্যাঁ’ এই অপশনটিতে ক্লিক করে, প্রয়োজনীয় তথ্য সন্ধান করতে হবে। যেমন- Annual Reviews of Environment and Resources নামের জার্নালটি-র সব ভলিউম, সংখ্যা ইত্যাদি দেখাচ্ছে, এইভাবে ই-রির্সোস তালিকার প্রত্যেকটিতে গিয়ে প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান করা যাবে।








❖ আরো একটি বিশেষ সুবিধা প্রধানত শিক্ষক/শিক্ষিকা ও গবেষকদের জন্য -

<u>'Request on Article'</u> বলে আরেকটি বিশেষ সুবিধা রয়েছে, এক্ষেত্রে নির্দিষ্ট অপশনটিতে গিয়ে ক্লিক করলে নিম্নলিখিত পেজটি খুলবে।










এখানে সেই সমস্ত নির্দিষ্ট Article-র পাওয়ার জন্য শিক্ষক/শিক্ষিকা/গবেষকরা অনুরোধ জানাতে পারেন, যেগুলো NLIST-র অর্ন্তভূক্ত ই-রির্সোসের মধ্যে পাওয়া গেল না। এই ফর্মটিতে প্রয়োজনীয় তথ্য দেওয়ার পর এবং শর্তাবলী মেনে নেওয়ার পর আবেদনটি/অনুরোধটি ইনফ্লিবনেট (INFLIBNET) সেন্টার দ্বারা গৃহীত হবে এবং একটি

নির্দিষ্ট সময়সীমার মধ্যে চাহিদানুযায়ী তথ্য মেইল মারফৎ পাওয়া যাবে (অবশ্য যদি সেটা পাওয়া সম্ভব হয়)।

❖ <u>আরেকটি উল্লেখযোগ্য তথ্য ব্যবহারকারীদের জন্য</u> --

যদি কেউ নিজের ইউসার আইডি বা পাসোয়ার্ড ভুলে যান বা দুটোই ভুলে যান তবে সেক্ষেতে মনে রাখতে হবে যে আপনাদের/তোমাদের নিজের মেইল আইডি টাই নিজেদের ইউসার আইডি এবং নতুন পাসোয়ার্ড পেতে Members Login - এ গিয়ে Forgot Password বা Change Password করলে ব্যবহারকারীর মেইল আইডি তে OTP চলে যাবে, সেটা অ্যাক্টিভেট করে আবার NLIST-এ নিজের অ্যাকাউন্টটি ব্যবহার করতে পারবে।




---------------------------------------